



“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-১
www.tmed.gov.bd

১২ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ

তারিখঃ ২৭ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

নং-৫৭.০০.০০০০.০৭৫.০১৮.০১.১৯-১৩৯


বিষয়ঃ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন ‘বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) নিয়োগ বিধিমালা, ২০২০’ অনুমোদনের জন্য পরামর্শ/মতামত প্রদান।

মাদ্রাসা শিক্ষা জাতীয় শিক্ষা ব্যবস্থার একটি অবিচ্ছেদ্য অংশ হিসেবে প্রতিষ্ঠিত। জাতীয় শিক্ষানীতি-২০১০ এর নির্দেশনা এবং মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুযায়ী মাদ্রাসা শিক্ষাকে অন্যান্য শিক্ষা ধারার সাথে সঙ্গতি রেখে যুগোপযোগী করা হয়েছে। বর্তমানে বাংলাদেশে প্রায় ১০ হাজার দাখিল, আলিম, ফাজিল ও কামিল পর্যায়ের মাদ্রাসায় দেড় লক্ষাধিক শিক্ষক কর্মরত আছেন। যুগের চাহিদা পূরণ এবং মাদ্রাসা শিক্ষাকে আধুনিক ও যুগোপযোগী করার লক্ষ্যে শিক্ষকদের চাকুরীকালীন ও চাকুরীপূর্বক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে আরবী ও ইংরেজি ভাষায় দক্ষতা বৃদ্ধিসহ সাধারণ শিক্ষা ও মাদ্রাসা শিক্ষার মধ্যে বিরাজমান ব্যবধান কমিয়ে আনার উদ্দেশ্যে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের একটি প্রকল্পের আওতায় ১৯৯৫ সালে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) স্থাপন করা হয়।

২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)-এর কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত রাজস্বখাতে স্থানান্তরিত ৪৪টি এবং সৃজিত ১১টিসহ মোট ৫৫টি পদের কর্মচারীদের জন্য “বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) নিয়োগ বিধিমালা-২০২০ প্রণয়ন করা অত্যাৱশ্যক। “বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) নিয়োগ বিধিমালা-২০১৯” খসড়া নিয়োগ বিধি জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়োগ বিধি পরীক্ষণ সংক্রান্ত উপকমিটিতে প্রেরণ করা হলে গত ০১/১২/২০১৯ তারিখের সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনাক্রমে “বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) নিয়োগ বিধিমালা-২০১৯” এর খসড়া প্রজ্ঞাপনসহ তপশিল প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে প্রেরণের সুপারিশ করে। অতঃপর মন্ত্রিপরিষদ বিভাগের ০৩ সেপ্টেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ২০২০ সালের ১০ম সভায় উক্ত নিয়োগ বিধিমালা অনুমোদনের সুপারিশ করে। উক্ত সভায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) নিয়োগ বিধিমালা, ২০২০ প্রণয়নে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সঙ্গে পরামর্শক্রমে চূড়ান্ত করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন ‘বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) নিয়োগ বিধিমালা, ২০২০’ প্রণয়নের লক্ষ্যে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামতের জন্য সংশ্লিষ্ট কাগজপত্রাদিসহ নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।


২৭/০৯/২০২০
(এ.কে.এম. লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব (মাদ্রাসা-১)
ফোনঃ ৯৫৭৭৪২৪

সচিব

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

অনুলিপিঃ

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার লেভেল-৩, ৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রমনা, রোড, ঢাকা-১০০০।
২. মন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. উপমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪. অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), বোর্ড বাজার, গাজীপুর।
৫. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (তাকে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অফিস কপি।